



## Islamic Religious Council of Singapore

### Friday Sermon

8 March 2024 / 27 Syaaban 1445H

### রমযান মাসের মাধুর্য

الْحَمْدُ لِلَّهِ مُثِيبِ الطَّائِعِينَ عَلَى صَالِحِ الْعَمَلِ أَجْرَلِ الثَّوَابِ، وَمُجِيبِ الدَّاعِينَ فَهُوَ أَكْرَمُ مَنْ  
أَجَابَ، وَيَهْدِي إِلَيْهِ مَنْ تَابَ وَأَنَابَ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ شَهَادَةً لَا  
يَجُوبُهَا عَنِ الْإِخْلَاصِ حِجَابٌ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ أَرْسَلَهُ بِأَسْحَاحِ دِينِ  
وَأَفْصَحِ كِتَابٍ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَهْلِ التَّقْوَى وَأُولِي  
الْأَلْبَابِ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللَّهِ، اتَّقُوا اللَّهَ حَقَّ تَقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ.

### শুক্রবারের জুম্মায় আগত উপস্থিত সুধী,

আসুন, আমরা মহান আল্লাহ সুবহানাহু তাআলার প্রতি তাকওয়া বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখি। আমরা মহান আল্লাহ সুবহানাহু তাআলার সকল আদেশ মেনে চলি এবং সকল নিষেধগুলি থেকে নিজেদেরকে দূরে রাখি। মহান আল্লাহ সুবহানাহু তা আলা যেন আমাদেরকে পবিত্র রমযান মাসের সাক্ষাৎ পাওয়ার সুযোগ দান করেন। আমীন।

### সম্মানিত ভাই ও বোনেরা,

সমস্ত প্রশংসা সেই আল্লাহ সুবহানাহু তাআলার যিনি তাঁর সকল করুণার মাধ্যমে আমাদের নিকট এই রমযান মাস হাজির করেছেন। যে মাসটি পুরস্কার ও ক্ষমা পাবার জন্য একটি উত্তম সুযোগে সমৃদ্ধ মাস যে

, মাসটি পূর্ববর্তী কোন জাতিকে দেয়া হয় নাই। এ বিষয়ে আমাদের নবী করিম (সঃ) যে বানী দিয়েছেন, তার দিকে দৃষ্টিপাত করলে দেখতে পাই,

إِنَّ لِلَّهِ عِتْقَاءَ فِي كُلِّ يَوْمٍ وَوَيْلَةَ، لِكُلِّ عَبْدٍ مِنْهُمْ دَعْوَةٌ مُسْتَجَابَةٌ

অর্থঃ প্রকৃতপক্ষে মহান আল্লাহ সুবহানাছতা আলা পবিত্র রমযান মাসে প্রতি দিন ও প্রতি রাতে তাঁর বান্দাদেরকে জাহান্নামের আগুন থেকে মুক্তি দেবেন এবং এইসব বান্দাদের প্রত্যেকের অন্ততঃ একটি দোয়া তিনি কবুল করবেন। ( ইমাম আহমেদ কর্তৃক বর্ণিত হাদীস)

এই হাদীস থেকে আমরা ভাল কাজে বিশেষ করে পবিত্র রমযান মাসে ভাল কাজ করার জন্য অন্তর থেকে নিয়তে উদ্বুদ্ধ করতে সাহায্য করে আসুন, আমরা সকলে এই রমযান মাসে পূর্ববর্তী রমযান মাসগুলির চেয়ে আরো বেশী হিতকর কাজ করার দৃঢ়তা আমাদের অন্তরে যেন স্থাপন করতে পারি। আসুন আমরা সতর্কতার সাথে এই রমযানে এমনভাবে পরিকল্পনা করি যাতে আমরা পরম করুণাময় আল্লাহ সুবহানাছ তাআলার কোন সামান্য করুণা ও মার্জনা না হারাই।

সম্মানিত ভাই ও বোনেরা,

এই মুহূর্তে আমরা যখন রমযানের প্রস্তুতি নিচ্ছি, তখন আমাদের একবার স্থির চিন্তে ভাবা দরকার ও নিজেকে বোঝা দরকার; অর্থাৎ আত্ম-বিশ্লেষণ করা দরকার যে আমরা কি মহান আল্লাহ তা আলায় প্রতি নিবেদিত আমাদের ইবাদতগুলি নিষ্ঠার সাথে পালন করছি? সৃষ্টিকর্তার প্রতি আমাদের অবিচল আস্থা ও নিষ্ঠা প্রমাণের একটি পথ হলো এই আত্ম-বিশ্লেষণ করা। আমাদের এটাও ভাল করে ভাবা দরকার যে এই রমযানে আমরা কি অর্জন করতে চাই? নিজের কাজের জন্য অনুশোচনা করা, নিজের কর্ম সম্পর্কে নিজের ভেতরে চেতনা জাগ্রত করা নাকি আল্লাহ সুবহানাছ তা আলায় নিকট হতে পুরস্কারের প্রত্যাশা করা?

এবং আমরা যদি আমাদের এই আত্ম-বিশ্লেষণ চর্চা আরো বেশী করে করি তাহলে হয়তো আমরা নিজেদেরকে এই প্রশ্নগুলি করতে পারব; আমরা আমাদের জীবনে এবং আমাদের চারপাশে যাঁরা আছেন

তাঁদের জীবনে ইতিবাচক পরিবর্তনগুলি কিভাবে আনবে? আমাদের পরিবারের সবাইকে রমযানের জন্য কিভাবে প্রস্তুতি নিতে সাহায্য করতে পারবে? আসলে, সম্মানিত ভাই ও বোনেরা, এ নিয়ে অনেক কিছু বিবেচনা করার আছে যেমন রমযানে আমাদের যে ধরণের খাদ্যগ্রহণ করা দরকার সেগুলি কিভাবে পূরণ করা হবে, ওষুধপত্র কখন কিভাবে নেয়া হবে বা রমযানের সময়ে ইসলামিক বিধি নিষেধগুলি কিভাবে পালন করা হবে ইত্যাদি।

### সম্মানিত ভাই ও বোনেরা,

রমযানকে স্বাগত জানাতে আমাদের আনন্দের সঙ্গে সঙ্গে আসুন আমরা চেষ্টা করি ধর্ম বিষয়ে সুযোগ্য আলেমদের কাছ থেকে রমযান মাসের নামাজ সহ অন্যান্য ইবাদত পালনের শুদ্ধ নিয়মকানুনগুলি ভালমত জেনে নিতে। আর এই মাসে রোজা পালনে শারীরিক কারণে যদি কারো কোন বিশেষ সমস্যা থেকে থাকে, বা যদি কারো দিনের বেলা জরুরী ওষধ নেয়ার ব্যাপার থাকে বা কাজের সময়সীমা যদি রোজা রাখার জন্য কঠিন হয়ে থাকে তবে এই সমস্যাগুলির সমাধান কিভাবে হবে সে ব্যাপারেও অভিজ্ঞ আলেমের কাছ থেকে পরামর্শ নেয়া যায়।

আমাদের ইবাদতগুলি যেন আমরা আমাদের স্বাস্থ্য ও সামর্থ অনুযায়ী শান্তিপূর্ণভাবে পালন করতে পারি। মহান আল্লাহ সুবহানাহ তা'আলার সন্তুষ্টি অর্জনে আমাদের নিষ্ঠার একটি অংশ মাত্র। সূরা আল আন কাবুতের ৬৯ নম্বর আয়াতে মহান আল্লাহ সুবহানাহ তা আলা ইরশাদ করেছেন,

وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُحْسِنِينَ ﴿٦٩﴾

অর্থঃ যারা আমার পথে সাধনায় আত্মনিয়োগ করে, আমি অবশ্যই তাদেরকে আমার পথে পরিচালিত করব।

সন্মানিত ভাই ও বোনেরা,

আসুন রমযান মাসে আমাদের ইবাদতগুলিকে একটু খেয়াল করে এবং সুশৃংখলভাবে পরিকল্পনা করি। একটি সুস্পষ্ট নিয়ত এবং পূর্ণাঙ্গ পরিকল্পনা একটি অর্থপূর্ণ ও ফলদায়ক রমযান মাস পালন করার মূল ভিত্তি।

সর্বশেষে, আসুন আমরা সকলে আমাদের নিয়তের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ হই, আমাদের করা ভাল কাজের জন্য আমরা মহান আল্লাহর সুপারিশ প্রার্থনা করি বা খুজতে থাকি, তাঁর ক্ষমা, করুণা এবং প্রতিপত্তি ভিক্ষা করি এবং বিশেষ করে আমাদের প্যালেস্টাইনের এবং মধ্য প্রাচ্যের সকল অসহায় ভাই ও বোনের জন্য যাতে চলমান যুদ্ধ, সংঘর্ষ এবং নিপীড়নের একটি সহজ সমাধান পাওয়া যায়।

ইয়া আল্লাহ, ইয়া লাতিফ, ইয়া কাদির আপনার বান্দাদেরকে সাহায্য করুন, যাঁদের অন্তর কঠিন হয়ে গেছে তাঁদের অন্তরকে নরম করুন, যাঁরা প্রায়শঃই আপনার ক্ষমতার প্রতি অবহেলা দেখায় তাদের অন্তরে মানবতার হারিয়ে যাওয়া মূল্যবোধগুলিকে পুনঃ প্রতিষ্ঠিত করুন, এবং ঐ অঞ্চলে দীর্ঘস্থায়ী শান্তি পুনরুদ্ধার করুন।

আল্লাহ সুবহানাহু তা আলা যেন আমাদের সকল কাজে এবং ইবাদতে আমাদের নিষ্ঠাকে গ্রহণ করেন, এবং আমাদের সকল পাপ ক্ষমা করেন। আমিন ইয়া রাব্বাল আলামিন।

أَقُولُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللَّهَ الْعَظِيمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ

الْغَفُورُ الرَّحِيمُ

## SECOND SERMON

الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدَهُ وَرَسُولَهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللَّهِ، اتَّقُوا اللَّهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانْتَهُوا عَمَّا نَهَاكُمْ عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللَّهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ الْعَزِيزِ: إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الْخُلَفَاءِ الرَّاشِدِينَ الْمَهْدِيِّينَ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَنْ بَقِيَّةِ الصَّحَابَةِ وَالْقُرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُمْ وَفِيهِمْ بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ، وَالْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ، الْأَحْيَاءِ مِنْهُمْ  
وَالْأَمْوَاتِ. اللَّهُمَّ اذْفَعْ عَنَّا الْبَلَاءَ وَالْوَبَاءَ وَالزَّلَازِلَ وَالْمِحْنَ، مَا ظَهَرَ  
مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ الْبُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ الْعَالَمِينَ.  
اللَّهُمَّ انصُرْ إِخْوَانَنَا الْمُسْتَضْعَفِينَ فِي عَزَّةٍ وَفِي فِلِسْطِينَ وَفِي كُلِّ مَكَانٍ  
عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ  
فَرَجًا، يَا رَبَّ الْعَالَمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً، وَفِي الْآخِرَةِ حَسَنَةً،  
وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللَّهِ، إِنَّ اللَّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَى، وَيَنْهَى عَنِ  
الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَادْكُرُوا اللَّهَ الْعَظِيمَ  
يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعْمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِنْ فَضْلِهِ يُعْطِكُمْ، وَلَذِكْرُ  
اللَّهِ أَكْبَرُ، وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.